

## ই-পূর্জি

### পটভূমি

মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের স্বপ্ন বাস্তবায়নের পথে ২০০৯ সালের ১৭ নভেম্বর একটি তাৎপর্যপূর্ণ দিন। বাংলাদেশের চিনিকলের দীর্ঘ সময়ের ইতিহাসে এই প্রথম কোন আখ চাষী তার নামে পূর্জি ইস্যু হওয়ার সাথে সাথে তার মোবাইল এসএমএস এর মাধ্যমে জানতে পারেন। পূর্জি নিয়ে আখচাষীদের বিড়ম্বনার ইতিহাস দীর্ঘদিনের। চাষীদের এ দুর্ভোগ লাঘবের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এবং ইউএনডিপি'র অর্থায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে ২০০৯ সালে ফরিদপুর এবং মোবারকগঞ্জ চিনিকলে পাইলট ভিত্তিতে ই-পূর্জি ব্যবস্থাপনা চালু করা হয়।